

উপজেলা সমবায় কার্যালয়, কোটচাঁদপুর ঝিনাইদহ এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবামুখী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ৫৫ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ৭৬০জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। এছাড়া আশ্রয়ণ (ফেইজ-২) ঋণ বিতরণ এর পরিমাণ ৯,৭৭,০০০/-টাকা এবং আসল সহ সার্ভিস চার্জ আদায় করা হয়েছে ৯,৫০,২৩৩/-টাকা। ৩৫০জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১৩০ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।